The Salvation Army Employment Plus

Parent Pathways
An Australian Government Initiative



# আপনার যাত্রা আপনার পথ

**পরবর্তী পদক্ষেপ নেওয়ার জন্য প্রস্তুত এবং কোথায় শুরু করবেন তা জানেন না? আমরা আপনাকে সাহায্য করতে পারব।**

চোখের পলকে সব বদলে যায় — এই মুহূর্তে সন্তানদের দেখাশোনা করাই যেন আপনার পূর্ণকালীন কাজ, আর পরমুহূর্তেই দেখা যায় তারা স্কুলে চলে গিয়েছে। অভিভাবকত্বের সময় আপনার টিকে থাকার কৌশল, সময় ব্যবস্থাপনা এবং দর-কষাকষির দক্ষতা নিঃসন্দেহে শানিত হয়, তবে দীর্ঘদিন কর্মজীবন থেকে দূরে থাকার ফলে পরবর্তী করণীয় ঠিক করতে কিছুটা দ্বিধা কাজ করতে পারে।

একজন যোগ্য মেন্টরের মাধ্যমে আপনি সকল ব্যক্তিগত, শিক্ষা বা কাজের লক্ষ্যে পৌঁছাতে নমনীয় সহায়তা পেতে পারেন।



# আমরা আপনাকে সেখানে পৌঁছাতে সাহায্য করতে পারব

## Parent Pathways কী?

Parent Pathways একটি স্বেচ্ছাসেবাভিত্তিক পরিষেবা যা অল্পবয়সী শিশুদের যোগ্য পিতামাতা ও পরিচর্যাকারীদের ব্যক্তিকেন্দ্রিক আর্থিক সহায়তা প্রদান করে, যা তাদেরকে তাদের জীবনের পরবর্তী পদক্ষেপ আবিষ্কার করতে সহায়তা করে।

এই প্রোগ্রামটি সেসব পিতামাতার ব্যক্তিগত চাহিদার ওপর আলোকপাত করে যারা তাদের পরবর্তী পদক্ষেপ নিয়ে ভাবছেন, সেটা প্রশিক্ষণ বা শিক্ষা বা পুনরায় কর্মজীবনে প্রবেশ যেটাই হোক না কেন। একজন প্রশিক্ষিত মেন্টরের মাধ্যমে যোগ্য অভিভাবক ও পরিচর্যাকারীরা নমনীয় সহায়তা পাবেন, যা তাদের পড়াশোনা ও কর্মজীবনের লক্ষ্য নির্ধারণ ও অর্জনে সহায়তা করে, এবং একইসাথে তাদের পারিবারিক দায়িত্বের সাথে ভারসাম্য বজায় রাখতে সহায়তা করে।

## কারা যোগ্য?

এই পরিষেবাটি সেসকল পিতামাতা এবং পরিচর্যাকারীদের জন্য যাদের:

- ৬ বছরের কম বয়সী একটি শিশু আছে
- বেতনভুক্ত কর্মসংস্থান নেই
- বসবাস অদূরবর্তী অঞ্চলে

এবং নিচের পেমেন্টগুলোর মধ্যে একটি পাচ্ছেন:

- প্যারেন্টিং পেমেন্ট (Parenting Payment)
- কেয়ারার পেমেন্ট (Carer Payment)
- বিশেষ সুবিধা (Special Benefit)

যোগ্যতার মধ্যে রয়েছে যারা Centrelink পেমেন্ট পাচ্ছেন না এবং:

- ২২ বছরের কম বয়সী
- প্রাথমিক বিদ্যালয় ত্যাগকারী (যেসকল পিতামাতার ১২-তম শ্রেণীর যোগ্যতা নেই)
- একটি আদিবাসী জাতিগোষ্ঠীর পিতা-মাতা বা পরিচর্যাকারী

**অংশগ্রহণকারী পিতামাতা বা পরিচর্যাকারীর যে-কোনো সময়ে ছেড়ে যাওয়া, বিরতি নেওয়া বা পরিষেবায় ফিরে আসার সুযোগ রয়েছে।**

# আমরা যেভাবে সাহায্য করি



## Parent Pathways পরিষেবা আপনাকে যেভাবে সাহায্য করবে তার মধ্যে কয়েকটি হলো:

- শিক্ষা ও কর্মজীবনের লক্ষ্য নির্ধারণ করা
- একটি অ্যাকশন প্ল্যান তৈরি করা
- দক্ষতার ঘাটতি পূরণ করা
- আত্মবিশ্বাস বাড়ানো
- কাজ ও অভিভাবকত্বের মধ্যে ভারসাম্য বজায় রাখা
- স্থানীয় পরিষেবা ও কার্যক্রমে অ্যাক্সেস পাওয়া

পিতামাতা বা পরিচর্যাকারীরা নিয়মিত তাদের Employment Plus মেন্টরের সাথে সাক্ষাৎ করবেন। আপনার কর্মসংস্থান বা উচ্চশিক্ষার কার্যক্রম সম্পন্ন করার পথে আপনাকে সহায়তা করতে আমরা আপনার সাথে থাকব। আমরা আপনার কমিউনিটির অংশ এবং আপনাকে পথ দেখাতে, সহায়তা করতে এবং আপনার উদ্বেগগুলো শোনার জন্য আমরা সবসময় আপনার পাশে থাকব।

## আমাদের সেবাসমূহ:

- ভাষা ও সাক্ষরতা প্রোগ্রাম
- কর্মজীবনের দিকনির্দেশনা
- চাইল্ডকেয়ার প্লেসমেন্ট সহায়তা
- প্রশিক্ষণের জন্য আর্থিক সহায়তা
- পারিবারিক পরিষেবার জন্য রেফারেল
- সংক্ষিপ্ত কোর্স ও প্রশিক্ষণ

উপরন্তু, অংশগ্রহণকারীরা The Salvation Army-এর দেওয়া বিভিন্ন সহায়তা কর্মসূচি ও পরিষেবাদি অ্যাক্সেস করতে পারেন, যেমন Moneycare (আর্থিক পরামর্শ), অ্যালকোহল ও ড্রাগ পুনর্বাসন সহায়তা এবং আরও অনেক কিছু — এগুলো হলো Employment Plus-এর সাথে কাজ করার আরেকটি সুবিধা।

## এনগেজমেন্ট ভাউচার

আপনি Parent Pathways কর্মসূচিতে অংশগ্রহণ করলে Employment Plus এখন সরাসরি অ্যাপয়েন্টমেন্টে উপস্থিত থাকার পরে এনগেজমেন্ট সাপোর্ট ভাউচার প্রদান করতে পারে। এনগেজমেন্ট সাপোর্ট ভাউচারগুলো জ্বালানী, মুদি ও পোশাকের ক্রমবর্ধমান ব্যয়ে সহায়তা করার জন্য তৈরি করা হয়েছে। আপনার অ্যাপয়েন্টমেন্টের সময় আমরা আপনার ব্যক্তিগত পছন্দ এবং আপনার জন্য সবচেয়ে বেশি সুবিধা প্রদান করবে এমন ধরনের ভাউচার নিয়ে আলোচনা করব।

| **ইনিশিয়াল এনগেজমেন্ট সাপোর্ট - $100 ভাউচার** | **অনগোয়িং এনগেজমেন্ট সাপোর্ট - $50 ভাউচার** |
|---|---|
| প্রাথমিক সরাসরি সাক্ষাতে অংশ নেওয়ার পরে কর্মসূচিতে নতুন যে অংশগ্রহণকারীরা যোগ দেন, তাদের জন্য এটি দেওয়া হয়। | কর্মসূচির বর্তমান অংশগ্রহণকারী যারা নিয়মিত সরাসরি সাক্ষাতে অংশগ্রহণ করেন, তাদের জন্য এটি দেওয়া হয়। |
| প্রতি অংশগ্রহণকারীর জন্য **$250** পর্যন্ত এনগেজমেন্ট সাপোর্ট ভাউচার পাওয়া যায়। | |

**আরও তথ্যের জন্য আপনার Employment Plus বলুন বা 136 123 নম্বরে আমাদের ফোন করুন।**

# আমাদের সম্পর্কে

অস্ট্রেলিয়ার অন্যতম বৃহৎ কর্মসংস্থান পরিষেবা সরবরাহকারী হিসাবে The Salvation Army Employment Plus ২০ বছরেরও বেশি সময় ধরে নিয়োগকারীদের সাথে চাকরিপ্রার্থীদের সংযুক্ত করে আসছে। প্রকৃতপক্ষে, আমরা ২০০,০০০-এরও বেশি ব্যবসায় অর্ধ মিলিয়নেরও বেশি লোককে চাকরি দিয়েছি।

আমাদের চাকরিপ্রার্থীদের অর্থবহ কর্মসংস্থান খুঁজে পেতে সহায়তা করার জন্য আমরা বিশেষায়িত প্রশিক্ষণ এবং বিভিন্ন ধরনের সহায়তা প্রদান করি।

অলাভজনক সংস্থা হিসাবে আমাদের অতিরিক্ত অর্থ The Salvation Army-এর সামাজিক কর্মসূচিতে পাঠিয়ে দেওয়া হয়, যার মাধ্যমে গৃহহীন, দুর্যোগাক্রান্ত এবং বিপদগ্রস্ত যে-কোনো ব্যক্তিকে সহায়তা দেওয়া হয়।

আমাদের অবস্থান বা অন্যান্য তথ্য সম্পর্কে আরও জানতে ভিজিট করুন:

**www.employmentplus.com.au/job-seeker-programs/parent-pathways**

আমাদের Parent Pathways নিচের অঞ্চলগুলোর **৫৪টি স্থানে** চালু আছে:



নিউ সাউথ ওয়েল্স



দক্ষিণ অস্ট্রেলিয়া



ভিক্টোরিয়া



জোনা কেলির শিল্পের মূল বিষয় হলো সম্প্রদায় ও সংযোগ, যা তার গাম্বাঙ্গেরি ও উওরিমি বংশপরিচয়কে প্রতিফলিত করে।

*জোনা কেলি নিউ সাউথ ওয়েলসের আর্মিডেলের একজন আদিবাসী শিল্পী।*

**কোনও সাহায্য প্রয়োজন?**

**আপনাকে সাহায্য করার জন্য আমরা পাশে আছি**

☎ 136 123

www.employmentplus.com.au

ISAL11779